# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৪০

১১. বিবাহ অধ্যায় (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১৯. কোন কোন জিনিস মোহরানা হিসেবে জায়েয হতে পারে

بَاب مَا يَجُوزُ أَنْ يَكُونَ مَهْرًا

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عَوْنٍ أَخْبَرَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ أَتَتْ امْرَأَةٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ إِنَّهَا وَهَبَتْ نَفْسَهَا لِلَّهِ وَلِرَسُولِهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا لِي فِي النِّسَاءِ مِنْ حَاجَةٍ فَقَالَ رَجُلٌ زَوِّجْنِيهَا فَقَالَ أَعْطِهَا ثَوْبًا فَقَالَ لَا أَجِدُ قَالَ أَعْطِهَا وَلَوْ خَاتَمًا مِنْ حَدِيدٍ فَاعْتَلَّ لَهُ فَقَالَ مَا مَعَكَ مِنْ الْقُرْآنِ قَالَ كَذَا وَكَذَا قَالَ فَقَدْ زَوَّجْتُكَهَا عَلَى مَا مَعَكَ مِنْ الْقُرْآنِ

বাংলা

২২৪০. সাহল ইবন সা'দ সাঈদী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন,নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে জনৈকা মহিলা এসে বলল যে, সে আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য তার নিজেকে হেবা করল। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “আমার কোনো নারীর প্রয়োজন নেই।” তখন এক ব্যক্তি বলল, এই মহিলাকে আমার সঙ্গে বিয়ে দিয়ে দিন। তিনি বললেন, “একে (মোহরানা হিসেবে) একটি কাপড় দাও।” লোকটি বলল, আমার কাছে কিছুই নাই। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, একটি লোহার আংটি হলেও তাকে দাও।”বর্ণনাকারী বলেন, লোকটি বেশ দু:খিত হয়ে পড়লো। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তোমার কাছে কোরানের কী পরিমাণ (মুখস্ত) আছে?” লোকটি বলল: অমুক সূরা অমুক সূরা। তিনি বললেন, “তোমার কাছে কোরানের যা আছে তার বিনিময়ে এই মহিলাকে তোমার সাথে বিয়ে দিয়ে দিলাম।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, ওয়াকালাত ২৩১০; মুসলিম, নিকাহ ১৪২৫;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭৫২১, ৭৫২২, ৭৫৩৯; সহীহ ইবনু হিব্বান নং ৪০৯৩ ও মুসনাদুল হুমাইদী নং ৯৫৭ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82523

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন